



এম.এ.মান্নান এম.পি
প্রতিমন্ত্রী
অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



অর্থ প্রতিমন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বর্ষপরিষ্কার স্বাভাবিক নিয়মে ৩য় বারের মত অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরিত করার উদ্দেশ্যে যারা অবিরাম কাজ করে দেশকে কাজ্জিত লক্ষ্য অর্জনে সঠিক পথে এগিয়ে নিয়ে যাচ্ছে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ তাদের মধ্যে অন্যতম। গতানুগতিক নয় বরং পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিকূলতা কাটিয়ে লক্ষ্য অর্জনে অটল প্রত্যয়ে সরকার যখন নিরলসভাবে কাজ করে যাচ্ছে তখন অর্থনৈতিক সম্পর্ক বিভাগও সমানতালে উন্নয়নের অংশীদারের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে বৈদেশিক সাহায্যের সর্বোত্তম ব্যবহারে সচেষ্ট রয়েছে।

শর্তের বেড়াজালে আবদ্ধ নয়, উন্নয়নের গতিধারাকে স্তিমিত করেও নয় বরং সম্মান এবং সমতার নীতিকে ধারণ করে দ্রুত দেশকে এগিয়ে নেয়া আমাদের সকল কর্ম প্রচেষ্টার মূল লক্ষ্য। বঙ্গবন্ধুর সোনার বাংলাকে আমরা ক্ষুধা, দারিদ্র মুক্ত উন্নত দেশ হিসাবে দেখতে চাই। এ চাওয়াকে সফল করতে আমাদের এগিয়ে যেতে হবে দ্রুত থেকে দ্রুততার সাথে, অর্থনীতিকে করতে হবে গতিশীল, অর্থনৈতিক কূটনীতির ক্ষেত্রে আমাদের হতে হবে আরোও চৌকশ, অর্থনৈতিক কূটনীতির বহুমাত্রিকতার যুগে আমাদের মেধা ও মননকে নিয়ে যেতে হবে সর্বৎকৃষ্ট পর্যায়ে।

ইতিমধ্যেই আমরা এগিয়েছি অনেকদূর, সামাজিক অগ্রগতির বিভিন্ন মানদণ্ডে আমরা পিছনে ফেলছি ভারত পাকিস্তানসহ বিশ্বের অনেক দেশকে যা আমাদের দ্রুতগতিতে সামনে এগিয়ে যেতে উৎসাহ ও সাহস যোগাচ্ছে।

তদুপরি অর্থনৈতিক কূটনীতির অধিকতর সফল প্রয়োগের মাধ্যমে অর্জন করতে হবে সম্পদের কাজ্জিত লক্ষ্য মাত্রা। আর এজন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ভূমিকা অনস্বীকার্য।

বার্ষিক প্রতিবেদন নিঃসন্দেহে একটি বিভাগের কার্যক্রমের সাধারণ ধারণা দেয়। এর প্রতিটি তথ্য উপাত্ত হবে নির্ভুল যা দেশের সচেতন পাঠকমহল নির্দিধায় রেফারেন্স হিসাবে ব্যবহার করতে পারবে। আর এ কাজটিকে যারা সফল করতে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছেন তাদেরকে জানাই অকৃত্রিম শুভেচ্ছা। দেশের সার্বিক অগ্রগতিতে আমাদের সকল প্রচেষ্টা অব্যাহত থাকবে এ আশাবাদ ব্যক্ত করছি, ধন্যবাদ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

এম.এ. মান্নান